# কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায়: পরিচিতি, উৎস ও গুরুত্ব

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১. ১. ৫. আশ-শারী‘আহ

‘শারীয়াত’ বা ‘শারী‘আহ’ অর্থ নদীর ঘাট, জলাশয়ে পানি পানের স্থান, পথ ইত্যাদি। ইসলামের পরিভাষায় ‘শরী‘আহ’ শব্দটির বিভিন্ন অর্থ রয়েছে। সেগুলির মধ্যে একটি অর্থ ‘‘ধর্ম বিশ্বাস’’ বা বিশ্বাস বিষয়ক মূলনীতিসমূহ।[1] তৃতীয় শতকের কোনো কোনো ইমাম ‘‘আশ-শারী‘আহ’’ নামে আকীদা বিষয়ক গ্রন্থ রচনা করেন। যেমন ইমাম আবূ বাকর মুহাম্মাদ ইবনুল হুসাইন আল-আজুর্রী (৩৬০ হি) রচিত ‘‘আশ-শরী‘আহ’’ গ্রন্থ।

### ফুটনোট

[1] আল-ফাইঊমী, আল-মিসবাহুল মুনীর ১/৩১০; মুহাম্মাদ ইবনু ইবরাহীম আল-হামদ, আকীদাতু আহলিস সুন্নাহ, পৃ. ১৬-১৭

Source — https://www.hadithbd.com/books/link/?id=13578

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন